# বাংলাদেশ সেনাবাহিনীতে সেনাশিক্ষা কোরে জুনিয়র কমিশন্ড অফিসার হিসেবে যোগ দিন

মুজিব শতবর্ষ MUJIB 100



## নিয়োগ বিজ্ঞপ্তি

**Online/SMS এর মাধ্যমে আবেদন শুরুর তারিখ ২৯ আগস্ট ২০২১ এবং শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর ২০২১**

১। বাংলাদেশ সেনাবাহিনীতে সেনাশিক্ষা কোর (Army Education Corps-AEC) এ জুনিয়র কমিশন্ড অফিসার (ওয়ারেন্ট অফিসার) হিসেবে সরাসরি নিয়োগ করা হবে। এ লক্ষ্যে যোগ্য এবং আগ্রহী বাংলাদেশী **পুরুষ নাগরিকদের** নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদেরকে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করতে হবেঃ

ক। শিক্ষাগত যোগ্যতা। বিএ/বিএসসি/বিকম/স্নাতক/সমমান (শিক্ষা প্রশিক্ষণে ডিগ্রী/ডিপ্লোমা এবং শিক্ষকতার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে)। স্নাতক/সমমান পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ-২.০০ এবং এসএসসি ও এইচএসসি অথবা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০।

খ। বয়স সীমা। ১৩ মার্চ ২০২২ তারিখে সর্বনিম্ন ২০ বৎসর এবং সর্বোচ্চ ২৮ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ। শারীরিক যোগ্যতা। (১) উচ্চতা - ১.৬৮ মিটার (৫´-৬´´) ন্যূনতম।
(২) ওজন - ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড)।
(৩) বুক - স্বাভাবিক- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)
স্ফীত- ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।

ঘ। বৈবাহিক অবস্থা। অবিবাহিত (বিপত্নীক/বিবাহ বিচ্ছেদকারী নয়)।

ঙ। স্বাস্থ্য পরীক্ষা। স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য।

চ। সাঁতার। সাঁতার জানা অত্যাবশ্যক (ন্যূনতম ৫০ মিটার)।

২। **নিম্নেবর্ণিত ব্যক্তিগণ দরখাস্ত করার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে নাঃ**

ক। সরকারী চাকুরী হতে বরখাস্তকৃত।
খ। ফৌজদারী মামলায় দন্ডপ্রাপ্ত।
গ। শিক্ষাগত বিফলতা ছাড়া অন্য কোন কারণে কোন সামরিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রত্যাহারকৃত।

৩। **অনলাইনের মাধ্যমে আবেদনের নিয়মঃ** আগ্রহী প্রার্থীদেরকে ওয়েবসাইট http://army.teletalk.com.bd তে অনলাইনে আবেদনপত্রের ফরম পুরণ করতে হবে। এরপর টেলিটকের প্রি-পেইড মোবাইল হতে ওয়েবসাইটের INSTRUCTION এ বর্ণিত পদ্ধতি মোতাবেক ১৬২২২ নম্বরে এসএমএস করে আবেদন ফি (৫০০/-) জমা দিতে হবে। উল্লেখ্য যে, আবেদন ফি জমা দেয়ার পর আবেদনপত্র কোনভাবেই পরিবর্তন করা যাবে না। আবেদন ফি জমা দেয়ার পর প্রাপ্ত User ID ও Password দিয়ে উক্ত ওয়েবসাইটে Login হতে হবে। সফলভাবে Login করার পর প্রাথমিক নির্বাচনী পরীক্ষার জন্য একটি ‘‘ADMIT CARD’’ Download করতঃ প্রিন্ট করতে হবে। **উল্লেখ্য Online/SMS এর মাধ্যমে আবেদন শুরুর তারিখ ২৯ আগস্ট ২০২১ এবং আবেদনের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর ২০২১।**

৪। **প্রাথমিক নির্বাচনী পর্ষদের নিকট নিম্নবর্ণিত দলিল দস্তাবেজ জমা করতে হবেঃ**

ক। আবেদনপত্রের (অনলাইনে পূরণকৃত) কপি।
খ। গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসর্পোট সাইজের ০৮ (আট) কপি এবং ষ্ট্যাম্প সাইজের ০৬ (ছয়) কপি রঙ্গীন ছবি।
গ। গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং মার্কশীট এর ফটোকপি।
ঘ। জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড (নিজ, পিতা এবং মাতা) এর সত্যায়িত ফটোকপি।
ঙ। প্রবেশপত্র (প্রাথমিক নির্বাচনী পরীক্ষা)।

৫। **প্রশিক্ষণ।** ১২ সপ্তাহের মৌলিক সামরিক প্রশিক্ষণ এবং ১৯ সপ্তাহের বেসিক কোর্স গ্রহণ করতে হবে।

৬। প্রার্থীগণ তাদের আবেদনপত্র (অনলাইনে পূরণকৃত) এবং অন্যান্য যাবতীয় কাগজপত্র প্রাথমিক নির্বাচনী পর্ষদের নিকট হস্তান্তর করবেন। প্রাথমিক নির্বাচনী পরীক্ষার ফলাফল একই দিনে প্রার্থীদেরকে জানিয়ে দেয়া হবে।

৭। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নির্বাচনী পর্ষদের নিকট হতে পর্ষদ সভাপতির স্বাক্ষর সম্বলিত **"লিখিত পরীক্ষার প্রবেশপত্র"** সংগ্রহ করবেন। উক্ত প্রবেশপত্র ব্যতীরেকে কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৮। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আগামী **২৬ নভেম্বর ২০২১ (শুক্রবার) সকাল ০৯০০** ঘটিকায় বাংলা, ইংরেজী, গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষার জন্য **"শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে"** উপস্থিত হতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রার্থীগণকে প্রয়োজনীয় কলম, পেন্সিল, ক্যালকুলেটর, জ্যামিতি বক্স ইত্যাদি সঙ্গে আনতে হবে। প্রার্থীগণকে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে (সকাল ০৮৩০ ঘটিকা) অবশ্যই পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। লিখিত পরীক্ষার কেন্দ্রে কোন প্রকার মোবাইল ফোন নিয়ে আসা যাবে না।

৯। প্রার্থীগণকে প্রাথমিক নির্বাচনী পরীক্ষার (প্রাথমিক মেডিক্যাল এবং মৌখিক পরীক্ষা) জন্য অনলাইনে পূরণকৃত আবেদনপত্রসহ এলাকা ভিত্তিক স্ব স্ব জেলার পাশে বর্ণিত নির্বাচনী পর্ষদ/এরিয়া সদর দপ্তর সমূহ (সেনানিবাস) এর সামনে উল্লেখিত তারিখে সকাল ০৮০০ ঘটিকার মধ্যে উপস্থিত হতে হবেঃ

| ক্রমিক | উপস্থিত হওয়ার স্থান | তারিখ | জেলার নাম |
|---|---|---|---|
| ১। | এরিয়া সদর দপ্তর বগুড়া, বগুড়া সেনানিবাস | ১০-১১ অক্টোবর ২০২১ | বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ |
| | | ১২-১৩ অক্টোবর ২০২১ | পাবনা, নাটোর, নওগাঁ |
| | | ১৪ অক্টোবর ২০২১ | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী |
| ২। | এরিয়া সদর দপ্তর ঘাটাইল, শহীদ সালাহউদ্দিন সেনানিবাস | ১০-১১ অক্টোবর ২০২১ | জামালপুর, শেরপুর |
| | | ১২-১৩ অক্টোবর ২০২১ | ময়মনসিংহ, কিশোরগঞ্জ |
| | | ১৪ অক্টোবর ২০২১ | নেত্রকোনা, টাঙ্গাইল |
| ৩। | এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস | ১০-১১ অক্টোবর ২০২১ | চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙামাটি |
| | | ১২-১৩ অক্টোবর ২০২১ | বান্দরবান, কক্সবাজার |
| ৪। | এরিয়া সদর দপ্তর কুমিল্লা, কুমিল্লা সেনানিবাস | ১০-১১ অক্টোবর ২০২১ | সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ |
| | | ১২-১৩ অক্টোবর ২০২১ | কুমিল্লা, চাঁদপুর, বি-বাড়িয়া |
| | | ১৪ অক্টোবর ২০২১ | লক্ষীপুর, নোয়াখালী, ফেনী |
| ৫। | এরিয়া সদর দপ্তর যশোর, যশোর সেনানিবাস | ১০-১১ অক্টোবর ২০২১ | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, যশোর |
| | | ১২-১৩ অক্টোবর ২০২১ | সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল |
| | | ১৪ অক্টোবর ২০২১ | ঝালকাঠি, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, ফরিদপুর, পিরোজপুর |
| ৬। | এরিয়া সদর দপ্তর রংপুর, রংপুর সেনানিবাস | ১০-১১ অক্টোবর ২০২১ | ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী |
| | | ১২-১৩ অক্টোবর ২০২১ | দিনাজপুর, রংপুর |
| | | ১৪ অক্টোবর ২০২১ | লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা |
| ৭। | সদর দপ্তর লজিষ্টিক্‌স এরিয়া, ঢাকা সেনানিবাস | ১০-১১ অক্টোবর ২০২১ | ঢাকা, মানিকগঞ্জ |
| | | ১২-১৩ অক্টোবর ২০২১ | নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, রাজবাড়ি |
| | | ১৪ অক্টোবর ২০২১ | গাজীপুর, নরসিংদী |

১০। লিখিত পরীক্ষার ফলাফল আগামী **২০-২২ ডিসেম্বর ২০২১** (যে কোনদিন) তারিখে বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েবসাইট (**www.army.mil.bd**) এ প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের সময় এ ব্যাপারে বিস্তারিত জানিয়ে দেয়া হবে।

১১। পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার যাতায়াত ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১২। বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি সেনাবাহিনীতে প্রচলিত বিধান অনুযায়ী নির্ধারিত হবে।

**সেনাবাহিনীর চাকুরীর সুবিধাসমূহ।**

নির্ধারিত স্কেলে বেতন, ভাতা এবং পেনশনসহ বিনামূল্যে আহার ও বাসস্থান, বিনামূল্যে সরকারি পোশাক-পরিচ্ছদ, পরিবারবর্গের জন্য বিনামূল্যে চিকিৎসা, পরিবারবর্গের জন্য ভুর্তকি মূল্যে রেশন প্রদান, সেনাবাহিনীর অভ্যন্তরীণ শিক্ষা প্রতিষ্ঠানে সন্তানদের লেখাপড়ার সুযোগ।

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিষ্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস

**প্রতারণা অথবা আর্থিক লেনদেনের মাধ্যমে সেনাবাহিনীতে ভর্তি হলে চাকুরীর যে কোন পর্যায়ে চাকুরী হতে বহিষ্কার করা হবে**